দৈনিক খবর

দৈনিক খবর

তারিখ ... 18 OCT 1991 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 2 ...

# খুলনা শিক্ষা বিভাগে আট মাসেও সরকারী নির্দেশ কার্যকর হয়নি

খুলনা, ১৭ই অক্টোবর (ভ্রাম্যমাণ প্রতিনিধি)।- প্রাথমিক শিক্ষা খুলনা বিভাগের উপ-পরিচালক-এর দপ্তরে গত আট মাসেও একটি সরকারী নির্দেশ বাস্তবায়িত হয়নি। সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, প্রাথকি শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক-এর পক্ষে সহকারী পরিচালক মোঃ ইমদাদুল হক স্মারক নং ১৪৪/১ তাং ৫-৩-৯১ইং পত্রে ব্যক্তিস্বার্থে পাঠ পরিকল্পনা ও ছুটির তালিকা শিক্ষার্থীদের মধ্যে নিয়মবহির্ভূতভাবে বাধ্যতামূলক বিক্রির অভিযোগ প্রমাণিত হওয়ায় স্থানীয় বাগমারা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও শিক্ষক সমিতির নগর শাখার সাধারণ সম্পাদক গাজী মোঃ জাফর আল হাদীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ জারী করেছেন। কিন্তু এ পর্যন্ত খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষা বিভাগ থেকে এ ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

অভিযোগ রয়েছে, উক্ত অফিসের প্রধান অফিস সহকারী আবুল কাশেম উক্ত শিক্ষকের সাথে গোপন যোগাযোগের মাধ্যমে এ নির্দেশ চাপিয়ে রেখেছে। এ ব্যাপারে শিক্ষকদের মধ্যে চরম উত্তেজনা দেখা দিয়েছে।

উল্লেখ্য, জাফর আল হাদীর বিরুদ্ধে এ ধরনের আরো অভিযোগ রয়েছে। তিনি উক্ত অফিসের সাথে যোগসাজশে থাকায় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় না বলে অভিযোগ রয়েছে।

## শিক্ষা উন্নয়ন সংক্রান্ত কর্ম শিবির

সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষার উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি ও নীতিমালা সংক্রান্ত বিভাগীয় পর্যায়ের কর্মশিবির গতকাল খুলনা জেলা প্রশাসক সম্মেলন কক্ষে শুরু হয়েছে।

কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাধারণ শিক্ষা প্রকল্পের প্রকল্প সমন্বয় ইউনিটের সমন্বয়কারী অতিরিক্ত সচিব ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের দায়িত্বে নিয়োজিত সৈয়দ আলমগীর ফারুক চৌধুরী। অতিথি হিসেবে বক্তৃতা করেন বিভাগীয় কমিশনার আমিন উদ্দীন চৌধুরী, জেলা প্রশাসক জনাব আসাদ-উজ-জামান ভূইয়া। এ ছাড়া প্রকল্প সমন্বয় ইউনিটের পরিচালক (পরিকল্পনা ও প্রকৌশল) ও পরিচালক (অর্থ) কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ কর্মশিবিরে আলোচনা করেন। একদিনের এ কর্মশিবিরে খুলনা বিভাগের বৃহত্তর খুলনা, যশোর ও কুষ্টিয়া জেলার ৫৯টি উপজেলার নির্বাহী কর্মকর্তা, শিক্ষা অফিসার, প্রকৌশলী কর্মকর্তা, হিসাবরক্ষণ কর্মকর্তাসহ জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৩৬২ জন।

## ম্যাচ কারখানা চালুর দাবী

আগামী ৩০শে অক্টোবরের মধ্যে বাংলাদেশ ম্যাচ কোম্পানী চালুসহ শ্রমিক-কর্মচারীদের সকল বকেয়া পাওনা পরিশোধের দাবীতে গত (মঙ্গলবার) ওয়ার্কার্স ইউনিয়নের এক সাধারণ সভা সংগঠনের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তৃতা করেন আঃ বারিক, সোলেমান শেখ, রুস্তম আলী হালদার, আতিয়ার রহমান, আঃ হামিদ মোল্লা। সভাশেষে নগরীতে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

29